#পানি_অধিকার
#WATERMOVE

প্রতিবেদন

উপকূলজুড়ে
সুপেয় পানি অধিকার প্রচারাভিযান সপ্তাহ

১২-১৬ আগস্ট, ২০২২

প্রতিবেদন

উপকূলজুড়ে সুপেয় পানি অধিকার প্রচারাভিযান সপ্তাহ

১২-১৬ আগস্ট, ২০২২
কক্সবাজার, নোয়াখালী, বরিশাল, বরগুনা, বাগেরহাট, ভোলা, সাতক্ষীরা

সহায়তায়- একশনএইড বাংলাদেশ

প্রকাশ
২০ আগস্ট, ২০২২

প্রকাশক
পানি অধিকার প্রচারাভিযান [WaterMove Campaign] সেক্রেটারিয়েট:
পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড অ্যাকশান নেটওয়ার্ক- প্রান

প্রচারাভিযান সম্পর্কিত আরো তথ্যের জন্য ভিজিট করুনঃ WaterMove.Campaign

দীর্ঘ সময় ধরে বাংলাদেশের উপকূলীয় জনগোষ্ঠীর মধ্যে সুপেয় পানি সংকট বিদ্যমান। জলবায়ু পরিবর্তনের হুমকির সম্মুখীন উপকূলীয় অঞ্চলে দীর্ঘমেয়াদী টেকসই সমাধানের অভাবে সুপেয় পানির অভাবে ভুগছে মানুষ। বর্ষায় কোনোভাবে পানির ব্যবস্থা করা যায় কিন্তু তা চাহিদার তুলনায় অপ্রতুল। পুরো অঞ্চলেই শুষ্ক মৌসুমে তাই এ সংকট তীব্রতর হয়।

বাংলাদেশের উপকূলীয় ১৯ জেলায় প্রায় তিন কোটি ৯০ লাখ মানুষ বসবাস করেন। আধারযোগ্য পানি সংগ্রহ করতে পারেন না এদের প্রায় ৩ কোটি মানুষ এবং দেড় কোটি মানুষ মানুষ ভূ-গর্ভস্থ লবণাক্ত পানি পানে বাধ্য হচ্ছেন। সুপেয় পানি সংকটের ধরণ এবং তার পেছনে দায়ী কারণগুলোর অঞ্চলভেদে কমবেশি ভিন্নতা রয়েছে। চলমান সংকট সমাধানে যেমন প্রয়োজন তাৎক্ষণিক উদ্যোগ, তেমনি টেকসই সমাধানের জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড অ্যাকশান নেটওয়ার্ক- প্রান এবং একশন এইড বাংলাদেশ এর যৌথ উদ্যোগে বাংলাদেশের উপকূলীয় সাতটি জেলায় অঞ্চলভিত্তিক সুপেয় পানির সংকট নিরসনে জনদাবিগুলো তুলে ধরতে গত ১২ আগস্ট, ২০২২ থেকে ১৬ আগস্ট পর্যন্ত পানি অধিকার প্রচারাভিযান [WaterMove Campaign] এর আওতায় জেলা পর্যায়ে বিভিন্ন প্রচার প্রচারণা অনুষ্ঠিত হয়। উপকূলীয় অঞ্চলে পানি অধিকার বিষয়ে কর্মরত বিভিন্ন সংগঠনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আয়োজিত জেলা পর্যায়ে এই প্রচারাভিযানের উদ্দেশ্য উপকূলীয় সুপেয় পানি সংকট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে নীতিনির্ধারক ও গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করা। উপকূলীয় জনগোষ্ঠীর সুপেয় পানির অধিকার নিশ্চিত করতে কমিউনিটি পর্যায়ে বিবিধ সংকট এবং সম্ভাব্য নীতি-সমাধানের উপর আলোকপাত করা হয়।

#পানি_অধিকার_প্রচারাভিযান এর আওতায় উপকূলীয় সাতটি জেলায় গৃহীত বিভিন্ন প্রচারণা এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। জেলাভিত্তিক প্রচারাভিযানগুলো জেলার নামের বর্ণানুক্রমে সাজানো এবং প্রতিবেদনে উল্লিখিত এলাকাভিত্তিক সংকট এবং দাবিগুলো অংশগ্রহণকারীদের তাৎক্ষণিক মৌখিক বক্তব্য/প্রতিক্রিয়া থেকে সরাসরি লিপিবদ্ধ করা হয়েছে।

এক নজরে উপকূলজুড়ে সুপেয় পানি অধিকার প্রচারাভিযান সপ্তাহ



৭২৫ জন
সরাসরি যুক্ত ছিলেন

৩১১৭ জন
সামাজিক যোগাযোগ মাধ্যমে

৮০+
মিডিয়া কভারেজ

কক্সবাজার

"শুষ্ক মৌসুমে বোরো ধান চাষে গভীর নলকূপ থেকে প্রেশার মেশিনের মাধ্যমে অতিরিক্ত পানি উত্তোলন করা হয়। ফলে ভূ-গর্ভস্থ পানির স্তর নেমে যাওয়ায় নলকূপে উঠছেনা পানি। টেকসই বেড়িবাঁধের অভাবে জোয়ার ও জলোচ্ছাসের সময় লবণাক্ত পানিতে ভরে যাচ্ছে পুকুর। বোতলজাত পানি কিনে প্রয়োজন মেটাতে হচ্ছে। লবণাক্ত পানি পান ও ব্যবহারে নানারকম স্বাস্থ্য ঝুঁকিতে ভুগছেন নারী, শিশু, কিশোরী ও বয়স্করা। ডায়রিয়া, পেটব্যথাসহ নানাবিধ পানিবাহিত রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।"

দাবিসমূহ

- ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি নিশ্চিত করতে সরকারি বরাদ্দ এবং বিনিয়োগ বৃদ্ধি করতে হবে।
- জলবায়ু পরিবর্তনের প্রভাব, জনসংখ্যার চাপ বিবেচনায় রেখে নারীসহ সকলের জন্য সুরক্ষামূলক পানি পরিষেবার উদ্যোগ নিতে হবে।

উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন

কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার

১০০ + ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, গবেষক, তরুণ, সাংবাদিক

কুতুবদিয়া উপজেলা গেইট

১৬ আগস্ট, ২০২২ মঙ্গলবার

নোয়াখালী

"গভীর নলকূপগুলোতে পানিশূন্যতা তৈরি হয়েছে। অবনবরত কল চেপেও উঠছেনা পর্যাপ্ত পানি। যেখানে পানি উঠছে সেখানে শতশত মানুষের ভীড়। কলহ বিবাদ লেগে আছে। কোনো কোনো গ্রামে পুকুর ডোবায় পানি নেই। গবাদি পশুর জন্যেও তাই নলকূপের পানিই ভরসা। বোরো চাষে অনুমোদনহীন ও অপরিকল্পিতভাবে গভীর থেকে পানি উত্তোলনে গভীর নলকূপে পানি সংকট সৃষ্টি হয়েছে।"

দাবিসমূহ

- ভূ-নিম্নস্থ পানির উপর চাপ কমাতে কৃষি কাজে ব্যবহৃত গভীর নলকূপের ব্যবহার কমিয়ে বিকল্প
- পানির ব্যবস্থা করতে হবে।
  বর্ষা মৌসুমে খাল, বিল, নদী-নালাতে বৃষ্টির পানি সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- সুবর্ণচরের দক্ষিণ সীমানা ঘেষে বয়ে যাওয়া মেঘনার মরা খালটি পুনঃখনন করে পানি সঞ্চয়ের উদ্যোগ নিতে হবে।

- উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন
- সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা
- ১০০ + ভুক্তভোগী নারী পুরুষ, উন্নয়নকর্মী, সাংবাদিক
- সুবর্ণচর উপজেলা প্রেস ক্লাব
- ১৪ আগস্ট, ২০২২ রবিবার

বরিশাল

“ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমশ নিচে নেমে যাওয়ায় সুপেয় পানি সংকট দেখা দিয়েছে। নলকূপে পানি উঠছেনা। গরমের শুরুতে পানির সংকট তীব্র হচ্ছে। সুপেয় পানির জন্য নতুন নলকূপ স্থাপন করতে গেলেও প্রায় ১ হাজার ফুট গভীরে যেতে হয়। প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট নানা কারণে ভূ-উপরিস্থ পানির আধারগুলো বিপন্ন। এলাকাবাসীর চাহিদার তুলনায় সরকারি পানি সরবরাহ অপ্রতুল।”

দাবিসমূহ

- বরিশাল পানি শোধনাগারের পূর্ণ কার্যকারিতা নিশ্চিত করতে হবে এবং সঠিক রক্ষণাবেক্ষণ ও ধারণক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।
- অপরিকল্পিতভাবে ভূ-নিম্নস্থ পানি উত্তোলন বন্ধ করে খাওয়ার পানির উৎস হিসেবে যেসব আধার কার্যকর হতে পারে, সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।

উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন

প্রান্তজন, বরিশাল

১০০+ তরুণ, নাগরিক আন্দোলন কর্মী, শিক্ষাবিদ, সাংস্কৃতিক কর্মী, কৃষক নেতা, গণমাধ্যমকর্মী, এনজিও প্রতিনিধি, সাংবাদিক, জনপ্রতিনিধি, যুব সংগঠনের সদস্য

অশ্বিনী কুমার টাউন হলের সামনে

১৩ আগস্ট, ২০২২ শনিবার

বরগুনা

"মাটির বৈশিষ্ট্যের বিরূপতার কারণে অনেক স্থানে নলকূপ বসানো সম্ভব হয়না। কিছু এলাকায় গভীর নলকূপ স্থাপনে ১২০০ ফুটেরও গভীরে যেতে হয়। অধিকাংশ অধিবাসীর হাতের নাগালে পানি পাওয়া যায় এমন নলকূপ নেই। নদী বা সমুদ্রতীরবর্তী নলকূপে লবণাক্ত পানি আসে। সব নলকূপের পানিতেই কমবেশি আয়রনের উপস্থিতি রয়েছে। পানি কিনে পরিবারের চাহিদা মেটাতে হয় অনেককেই।"

দাবিসমূহ

- চাহিদা অনুযায়ী পর্যাপ্ত পিএসফ (পন্ড স্যান্ড ফিল্টার) এবং রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম স্থাপন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সুপেয় পানি সংকটকে জরুরি বিবেচনায় নিয়ে নিরবচ্ছিন্ন পানি সরবরাহ তথা সুপেয় পানি অধিকার নিশ্চিত করতে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করতে হবে।

সমাবেশ ও সচেতনতামূলক পটগান

জাগোনারী, বরগুনা

১০০ + পানি সংকটে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিতে থাকা অধিবাসী, সাংবাদিক, আইনজীবি, উন্নয়নকর্মী, স্থানীয় জনপ্রতিনিধি, শিল্পীসহ বিভিন্ন পেশার মানুষ

সিদ্দিক স্মৃতি মঞ্চ চত্বর

১৩ আগস্ট, ২০২২ শনিবার

বাগেরহাট

"অনেক স্থানে নলকূপ স্থাপন করা সম্ভব হয়না। যেখানে নলকূপ রয়েছে তার অধিকাংশের পানি লবণাক্ত এবং আর্সেনিকযুক্ত। অধিকাংশ মানুষ সংরক্ষিত পুকুরের পানির উপর নির্ভরশীল যা অনিরাপদ। সরকারি উদ্যোগ কম। ব্যক্তিগত উদ্যোগে পানি বিক্রি হয় যা ব্যয়বহুল এবং দূরত্বে অবস্থিত। লবণাক্ত পানি পান ও ব্যবহারে স্বাস্থ্য ঝুঁকিতে আছেন এ অঞ্চলের অধিবাসীরা। অনেকেই বছরজুড়ে চর্মরোগে ভোগেন।"

দাবিসমূহ

- সুপেয় পানির চাহিদা বিবেচনায় মাঠ মূল্যায়নের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর হাতের নাগালে গভীর নলকূপ স্থাপন করতে হবে।
- বৃষ্টির পানি ধরে রাখার জন্য পরিবারগুলোতে বেশি ধারণক্ষমতাসম্পন্ন বড় ড্রাম সরবরাহ করতে হবে।
- গভীর পুকুর খনন করে পানি ধরে রাখা এবং যথাযথ সংরক্ষণের উদ্যোক্ত গ্রহণ করতে হবে।

উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন

বাঁধন মানব উন্নয়ন সংস্থা

১০০ + ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, স্থানীয় জনপ্রতিনিধি, যুব প্রতিনিধি, নাগরিক সমাজ প্রতিনিধি, সাংবাদিকসহ বিভিন্ন পেশার নারী ও পুরুষ

ফয়লা বাজার, রামপাল বাগেরহাট

১২ আগস্ট ২০২২ শুক্রবার

সাতক্ষীরা

"পুনরাবৃত্তিক দুর্যোগে এলাকার ভু-উপরিস্থ ও ভূ-নিম্নস্থ পানি লবণাক্ত হয়ে পড়েছে। গভীর নলকূপের পানিও লবণাক্ত। চিংড়ি ঘেরের কারণেও অনেক পানির আধার নষ্ট হয়েছে। শুষ্ক মৌসুমে পুকুরগুলো শুকিয়ে যায়। রেইন ওয়াটার হার্ভেস্টিং সেবা অপ্রতুল, ধারণক্ষমতা কম। দুর-দুরান্ত থেকে পানি সংগ্রহ করতে হয়। লবণাক্ত পানি গ্রহণ ও ব্যবহারের ফলে নারীদের মধ্যে জরায়ু সম্পর্কিত রোগব্যাধি বাড়ছে। হাইপারটেনশন, থ্যালাসেমিয়া ইত্যাদি ব্যাধির প্রকোপ বৃদ্ধি পেয়েছে।"

দাবিসমূহ

- টেকসই বেড়িবাঁধ নির্মাণ ও বাঁধ সংরক্ষণে স্থায়ী উদ্যোগ গ্রহণ করতে হবে।
- জলাধার সংরক্ষণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- উপকূলীয় নারীদের স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় নিয়ে তাদের স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিত করতে হবে।
- উপকূলীয় এলাকাকে দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করতে হবে।

উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন

লিডার্স ও স্বদেশ, সাতক্ষীরা

১০০ + ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, স্থানীয় জনপ্রতিনিধি, যুব প্রতিনিধি, নাগরিক সমাজ প্রতিনিধি, সাংবাদিকসহ বিভিন্ন পেশার নারী ও পুরুষ

সাতক্ষীরা প্রেস ক্লাব

১৩ আগস্ট, ২০২২ শনিবার

ভোলা

"চারদিকে পানি থাকা সত্ত্বেও সুপেয় পানির সংকট চলমান। লবণপানি ব্যবহারে চর্মরোগ, পেটের পীড়াসহ নানাবিধ রোগে ভুগছেন এলাকাবাসীরা। সিডর, আইলা ও ইয়াস এর প্রভাবে পানির উৎসগুলো নষ্ট হয়ে গেছে। শুকনো মৌসুমে সুপেয় পানির বাকি উৎসগুলোও শুকিয়ে যায়। রিকশা, সাইকেল, ভ্যানে বয়ে দূর দুরান্ত থেকে পানি সংগ্রহ করতে হয়। পানি সংগ্রহ করতে না পারলে প্রতিবেশীদের থেকে পানি ধার নেন পরিবারের নারীরা।"

দাবিসমূহ

- পানির প্রাকৃতিক উৎসগুলোকে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে রক্ষার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য প্রবেশগম্য দূরত্বে, হাতের নাগালে সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- উপকূলীয় এলাকাকে দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করে সুপেয় পানি সংকট সমাধানে তাৎক্ষণিক ও দীর্ঘমেয়াদি উদ্যোগ গ্রহণ করতে হবে।

- উপকূলীয় মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিতকরণের দাবিতে মানববন্ধন
- কোস্ট ফাউন্ডেশন ভোলা
- ১০০ + ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, শিক্ষক, নাগরিক সংগঠন প্রতিনিধি, সাংবাদিক, তরুণ সহ বিভিন্ন শ্রেণীর নারী পুরুষ
- ভোলা প্রেস ক্লাব
- ১৩ আগস্ট, ২০২২ শনিবার

নিরাপদ পানি
পৃথিবির বিশুদ্ধ ঔষধ
মোহাম্মদ খলিল সেখ
২ নং উজকুড় ইউনিয়ন
৩ নং ওয়ার্ড, ফয়লা
#পানি_অধিকার
#WATERMOVE

উপকূলজুড়ে
সুপেয় পানি অধিকার প্রচারাভিযান সপ্তাহ

জেলা পর্যায়ে
আয়োজক সংগঠন
জেলা বর্ণানুক্রমে

COAST Foundation
participates in survival strategies of coastal poor

কোস্ট ফাউন্ডেশন
কক্সবাজার ও ভোলা

সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থা
নোয়াখালী

PRANTOJON
প্রান্তজন ট্রাস্ট
বরিশাল

JAGONARI জাগোনারী
জাগোনারী
বরগুনা

BADHON
বাঁধন মানব উন্নয়ন সংস্থা
বাগেরহাট

LEDARS
লিডার্স
সাতক্ষীরা

SoDESH Satkhira
স্বদেশ
সাতক্ষীরা

actionaid

oxfam

মিডিয়া কভারেজ এর অংশবিশেষ

সকল মিডিয়া লিংক পেতে সার্চ করুনঃ

Google

সুপেয় পানি অধিকার প্রচারাভিযান

অথবা ভিজিট করুনঃ

/WaterMove.Campaign

#পানি_অধিকার

#WATERMOVE

#পানি_অধিকার
#WATERMOVE

#পানি_অধিকার_প্রচারাভিযান [WaterMove Campaign] বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী, তরুণ, নাগরিক সংগঠনসহ সকলের অংশগ্রহণে গঠিত একটি নাগরিক আন্দোলন।

এ আন্দোলনটি উপকূলীয় অঞ্চলে সর্বজনীন, ন্যায্য ও টেকসই পানি ব্যবস্থাপনা গড়ে তোলা, সকলের জন্য পর্যাপ্ত পানির প্রাপ্যতা, প্রবেশগম্যতা, গুণগত মান এবং বিনামূল্যে সুপেয় পানি নিশ্চিত করা সর্বপেরি সকল মানুষের সুপেয় পানির অধিকার নিশ্চিত করতে কাজ করছে।

praan

পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড অ্যাকশান নেটওয়ার্ক-প্রান
বাড়ি # ১৮৭; সড়ক # ১০, নিউ হাউজিং এস্টেট
মাইজদী, নোয়াখালী, বাংলাদেশ
ফেসবুক পেইজ: https://www.facebook.com/praanbd.org
ওয়েবসাইট: https://www.pranbd.org/